



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

ফেনী সরকারী কলেজ, ফেনী

স্থাপিত: ১৯২২

ডাকঘর-ফেনী, উপজেলা-ফেনী, জেলা-ফেনী

ফোন : ০২৩৩৪৪-৭৪০৪৯



Website: www.fgc.gov.bd EIIN-106642, NU-4101 Email: fenigovcollege@yahoo.com

তারিখ : ২৫/০৪/২০২৬ খ্রি.

পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও শৃংখলা ভঙ্গের শাস্তি সমূহ

ফেনী সরকারী কলেজের একাদশ-দ্বাদশ, স্নাতক (পাস), স্নাতক (সম্মান), স্নাতকোত্তর ১ম ও শেষ পর্বে অধ্যয়নরত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, কলেজের অভ্যন্তরীণ ইনকোর্স, সাময়িক, নির্বাচনী পরীক্ষাসহ সকল পাবলিক পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও শৃংখলা ভঙ্গ করলে নিম্নলিখিত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১। শুধুমাত্র চলতি পরীক্ষার সংশ্লিষ্ট কোর্সটি বাতিল :

ক.	পরীক্ষা কক্ষে কর্তব্যরত প্রত্যবেক্ষক ব্যতীত অন্য কারও সাথে বিধিবিহীনভাবে যোগাযোগ করলে	অনুষ্ঠিত পরীক্ষায় অসদুপায় অবলম্বনকৃত কোর্সটি বাতিল	বাতিলকৃত কোর্সটির পরীক্ষার জন্য পরবর্তী বছরে ঐ বর্ষ/পরীক্ষায় অবতীর্ণ হতে পারবে
খ.	পরীক্ষায় নকল করার মত কোন জিনিস (যেমন- নকলের কাগজপত্র, নকল মজুদ রাখার ইলেক্ট্রনিক যন্ত্র, লিখিত স্কেল টেবিলে ও অন্যান্য দ্রব্যাদি) পরীক্ষার্থীর কাছে পাওয়া গেছে কিম্বা লিখেনি		

২। শুধুমাত্র চলতি পরীক্ষার সংশ্লিষ্ট কোর্স ও পরবর্তী একটি কোর্সসহ মোট ০২টি কোর্সের পরীক্ষা বাতিল :

ক.	প্রবেশপত্র, স্কেল, টেবিল, বেঞ্চ, প্রশ্নপত্র বা পরীক্ষার সরঞ্জামাদি প্রভৃতির লেখা হতে অথবা পরিধেয় বস্ত্র বা শরীরের অংশ হতে নকল করা	অনুষ্ঠিত পরীক্ষায় অসদুপায় অবলম্বনকৃত কোর্স ও পরবর্তী একটি কোর্সসহ মোট দুইটি কোর্সের পরীক্ষা বাতিল	বাতিলকৃত কোর্স দুটির পরীক্ষার জন্য পরবর্তী বছরে ঐ বর্ষ/পরীক্ষায় অবতীর্ণ হতে পারবে
খ.	দৃশ্যীয় কাগজ হতে পয়েন্ট নিয়ে তা বিস্তারিতভাবে লেখার চেষ্টা করা		
গ.	পরীক্ষার সাথে সংশ্লিষ্ট শিক্ষক কর্মকর্তাকে অযাচিতভাবে প্রভাবিত করার চেষ্টা করা।		

শাস্তিপ্রাপ্ত পরীক্ষার্থীর অসদুপায় অবলম্বন করা কোর্সটি যদি চূড়ান্ত পরীক্ষা হয় তবে তার অসদুপায় অবলম্বনকৃত কোর্সটি বাতিল হবে

৩। চলতি বছরের সকল পরীক্ষা বাতিল

ক.	পরীক্ষার হলে মোবাইলে তোলা ছবি বা মোবাইল সংযোগের মাধ্যমে বা ইলেক্ট্রনিক যন্ত্রপাতির সহায়তায় অথবা ক্যালকুলেটর (অনুমোদিত/অননুমোদিত) দ্বারা নকল করা হলে	অনুষ্ঠিত চলতি বছরের সকল পরীক্ষা বাতিল	পরের বছরে অনুরূপ বর্ষ থেকে সকল পরীক্ষায় অবতীর্ণ হতে পারবে
খ.	পরীক্ষার্থী তার রিসার্চ মনোগ্রাফ/টার্ম পেপার/থিসিস পেপারে অপরের রিসার্চ মনোগ্রাফ/টার্ম পেপার/থিসিস পেপারের কোন রেফারেন্স ছাড়া কপি করে জমা দিলে।		
গ.	মূল খাতায় বাইরের লেখা কোন প্রশ্নের উত্তরসহ পাতা সংযুক্ত করলে		
ঘ.	পরীক্ষার হলে বিশৃংখলা সৃষ্টি করলে		
ঙ.	পরীক্ষায় এক পরীক্ষার্থী অন্য পরীক্ষার্থীর সাথে উত্তরপত্র বিনিময় (Exchange) করলে		
চ.	উত্তরপত্র মূল্যায়নের সময় মূল খাতার সঙ্গে অতিরিক্ত খাতার কোনরূপ অসঙ্গতি দেখা গেলে		

৪। চলতি বছরের পরীক্ষাসহ পরবর্তী বছরের পরীক্ষা বাতিল

ক.	কক্ষ পর্যবেক্ষকের সাথে আপত্তিকর ভাষা ও বাক্য বিনিময় করলে বা পরীক্ষা কক্ষের ভেতরে বা বাইরে পরীক্ষককে ভীতি প্রদর্শন করলে অথবা পরীক্ষার কাজে নিয়োজিত কাউকে অপমান করলে বা উগ্র আচরণ করলে বা শারীরিকভাবে লাঞ্চিত করলে	চলতি বছরের পরীক্ষাসহ পরবর্তী বছরের পরীক্ষা বাতিল	শাস্তির মেয়াদান্তে বিধি মোতাবেক পরীক্ষায় অবতীর্ণ হতে পারবে
খ.	পরীক্ষা কক্ষ হতে খাতা বাইরে নিয়ে যাওয়া, খাতা ছিঁড়ে ফেলা বা ছেঁড়া খাতা জমা দেয়া		

৪। ছাত্রত্ব বাতিল

ক.	ফেইসবুক, টিকটক, ইউটিউব ও অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যমে পরীক্ষা সংক্রান্ত বিষয়াদি পরীক্ষা কক্ষ হতে মোবাইলে ধারণকৃত ভিডিও আপলোড হলে ছাত্রত্ব বাতিল করা হবে।
----	---

(Signature)
অধ্যক্ষ
২৫/০৪/২৬

ফেনী সরকারী কলেজ, ফেনী
অধ্যক্ষ (৯৬৭৭)
ফেনী সরকারী কলেজ, ফেনী

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রধান করা হলো :

- ১। উপাধ্যক্ষ, ফেনী সরকারী কলেজ, ফেনী
- ২। বিভাগীয় প্রধান.....বিভাগ, ফেনী সরকারী কলেজ, ফেনী
- ৩। অভ্যন্তরীণ পরীক্ষা কমিটি/একাদশ-দ্বাদশ/স্নাতক (পাস) ও সকল বিভাগ
- ৪। কলেজ ওয়েব সাইট/ফেইসবুক পেইজ প্রচার